





রেলগেটে দুর্ঘটনা রুখতে বাজারে সচেতনতা প্রচার

নিজস্ব সংবাদদাতা

আত্মা: এক দিকে প্রহরীবিহীন লেভেল ক্রসিং বন্ধ করে সেখানে ছোট সাবওয়ে তৈরি, অন্য দিকে সচেতনতা প্রচার— এই দুই পদ্ধতিতে রেলগেটে দুর্ঘটনা কমাতে চাইছেন আত্রার রেলকর্তৃপক্ষ।

সম্প্রতি ডিভিশনের সুরক্ষা দফতর (সেফটি ডিপার্টমেন্ট) প্রহরীবিহীন লেভেল ক্রসিং ও রেলগেটগুলি কী অবস্থায় রয়েছে সেই বিষয়ে সমীক্ষা শুরু করেছে। আত্রার সুরক্ষা বিভাগের আধিকারিক দিবাকর মাজি জানান, পরিদর্শন করে রিপোর্ট তৈরি করা হচ্ছে। যে রেলগেটে পরিকাঠামোগত সমস্যা রয়েছে, সেগুলি সমাধানের ব্যবস্থা করা হচ্ছে। অন্য দিকে, হাটে, বাজারে, গ্রামে, স্কুলে গিয়ে বিভাগের কর্মীরা স্থানীয় বাসিন্দাদের মধ্যে সচেতনতা প্রচার শুরু করছেন। গত ১৫ মে থেকে এই কর্মসূচি শুরু হয়েছে। চলবে ১৪ জুন পর্যন্ত।

এপ্রিলে উত্তরপ্রদেশে প্রহরীবিহীন লেভেল ক্রসিংয়ে স্কুল ভ্যানে ধাক্কা মারে একটি ট্রেন। মৃত্যু হয়ে অনেক

পড়ুয়ার। রেল সূত্রে জানা গিয়েছে, তার পরেই আত্রা ডিভিশনে এই বিশেষ কর্মসূচি হয়েছে। আত্রা ডিভিশনে রেলগেট রয়েছে ২৮৩টি। এখনও পর্যন্ত প্রায় আশিটি পরিদর্শন করেছেন দফতরের আধিকারিক ও কর্মীরা। দেখা হয়েছে, সেগুলি কী অবস্থায় রয়েছে, কর্মরত লোকজনের মানসিক ও শারীরিক অবস্থা কেমন। অন্য দিকে, সবাইকে বোঝানো হচ্ছে, প্রহরীবিহীন লেভেল ক্রসিং পার হওয়ার সময়ে কী কী ব্যাপারে নজর রাখা দরকার।

প্রহরীবিহীন লেভেল ক্রসিং তুলে স্বল্প উচ্চতার সাবওয়ে তৈরি করে দুর্ঘটনা পুরোপুরি বন্ধ করতে উদ্যোগী হয়েছে আত্রার রেল কর্তৃপক্ষ। এই ধরণের শতাধিক লেভেল ক্রসিং ছিল। গত বছর তিনেক অনেকগুলিই বন্ধ করা হয়েছে। এখনও চালু রয়েছে গোটা তিরিশেক। রেল সূত্রে জানা যাচ্ছে, রাতারাতি প্রহরীবিহীন লেভেল ক্রসিং বন্ধ করায় নানা অসুবিধা আছে। তাই আপাতত সচেতনতার ব্যাপারে বেশি জোর দেওয়া হচ্ছে। এই ধরনের

লেভেল ক্রসিংয়ে অধিকাংশ দুর্ঘটনাই ঘটে অসতর্ক ভাবে পারাপার করতে গিয়ে। সতর্ক করে দু'দিকে বোর্ড লাগানো থাকে বটে। কিন্তু গাড়ির চালক এবং মোটরবাইক আরোহীরা দু'দিক না দেখেই অনেক সময়ে লাইন পেরোতে যান।

দিবাকর বলেন, “প্রহরীবিহীন রেলগেট পারাপারের সময়ে সতর্ক থাকলে দুর্ঘটনার আশঙ্কা থাকে না। আমরা প্রচারে বেরিয়ে সেটার উপরেই জোর দিচ্ছি।” মূলত বিভিন্ন এলাকায় ঘুরে রেলের কর্মীরা ফ্লেক্স টাঙিয়ে, প্রচারপত্র বিলি করে সচেতনতা প্রচার করছেন। এক জায়গায় অনেককে পাওয়া যায় বলে যাওয়া হচ্ছে হাট, বাজার, স্কুলে। সম্প্রতি কাশীপুর গবাদি পশুর হাটে গিয়ে প্রচার চালিয়েছে রেলের কর্মীরা। আনাড়া, মধুকুণ্ডা ও নিমডির হাটেও যাওয়া হয়েছে। দিবাকর বলেন, “এক মাস ধরে সচেতনতা-প্রচার চলবে। এখনও পর্যন্ত আমরা প্রায় ন'হাজার মানুষের কাছে পৌঁছতে পেরেছি। সেই সংখ্যাটা আরও বাড়ানোর লক্ষ্য রয়েছে।”

मानवरहित फाटक पार करने में सावधानी बरतने की अपील

आद्रा : कुछ दिनों पहले उत्तर प्रदेश में एक मानवरहित समपार फाटक पर एक स्कूल बस एवं पैसेंजर ट्रेन की टक्कर में 15 से अधिक मासूम बच्चों की मौत के संदर्भ में दक्षिण पूर्व रेलवे के आद्रा मंडल की ओर से एक माह व्यापी संरक्षा जन-जागरूकता अभियान चलाया जा रहा है। यह अभियान अगले 14 जून तक चलेगा। इस क्रम में आद्रा मंडल की ओर से 58 समपार फाटकों का निरीक्षण कर स्थिति का जायजा लिया गया। इसी के तहत गुरुवार को वरिष्ठ मंडल संरक्षा अधिकारी दिवाकर माझी एवं संरक्षा विभाग के कर्मचारियों द्वारा काशीपुर बस स्टैंड, काशीपुर बाजार एवं काशीपुर ग्राम पंचायत क्षेत्रों में पोस्टर्स एवं हैंडविल वितरित कर जनसाधारण को मानवरहित समपार फाटक पार करते समय सावधानी बरतने के लिए जागरूक किया गया। ●